# বার্ষিক প্রতিবেদন
# ২০১৭

WIKIMEDIA
BANGLADESH

# অফলাইন কার্যক্রম

উইকিমিডিয়া বাংলাদেশ সূচনালগ্ন থেকেই বাংলাদেশ সম্পর্কিত অলিখিত তথ্যগুলো উইকিপিডিয়া ও এর সহপ্রকল্পসমূহে অন্তর্ভুক্ত করার জন্য সারা দেশব্যাপী অফলাইন ও অনলাইন কার্যক্রম পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০১৭ সালেও উইকিমিডিয়া বাংলাদেশের উদ্যোগে ও বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে দেশব্যাপী বিভিন্ন অফলাইন ও অনলাইন কার্যক্রম পরিচালিত হয়েছে। এই কার্যক্রমে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সহযোগিতা করেছে উইকিমিডিয়া বাংলাদেশের স্থানীয় উইকিপিডিয়া সম্প্রদায়সমূহ।

## উইকিপিডিয়ানদের আড্ডা বা মিটআপ



অফলাইন বিভিন্ন কার্যক্রম ত্বরান্বিত ও ভবিষ্যৎ পরিকল্পনা করার জন্য এবং নতুনদের উইকিপিডিয়াতে উৎসাহিত করার জন্য সারা বছরব্যাপী উইকিমিডিয়া বাংলাদেশের উদ্যোগে মোট ১২টি আড্ডা অনুষ্ঠিত হয়েছে। এরমধ্যে ঢাকায় ৫টি, চট্টগ্রামে ২টি, রাজশাহীতে ২টি, সিলেটে ২টি এবং বগুড়ায় ১টি আড্ডা অনুষ্ঠিত হয়েছে। এখানে উল্লেখ্য, এসব আড্ডার মাধ্যমে অনেক নতুন উইকিপিডিয়ান সরাসরি অভিজ্ঞ উইকিপিডিয়ানদের সাথে আলোচনা করে সম্পাদনায় উৎসাহিত হয়েছেন। একুশে পদকে ভূষিত বাংলাদেশী সমাজবিজ্ঞানী অনুপম সেনসহ বিভিন্ন সময়ের আড্ডাতে বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



## উইকিপিডিয়া কর্মশালা




আগ্রহীদের সরাসরি উইকিপিডিয়া সম্পাদনা সম্পর্কে ধারণা দেওয়ার একটি উপায় হলো উইকিপিডিয়া কর্মশালা। বিগত বছরগুলোর ন্যায় ২০১৭ সালেও দেশের বিভিন্ন স্থানে মোট ৯টি উইকিপিডিয়া কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ঢাকার বাইরের কর্মশালাগুলো আমাদের আঞ্চলিক সম্প্রদায় কর্তৃক আয়োজিত হয়েছে। এ কর্মশালাগুলোর মধ্যে ঢাকায় ৩টি, রাজশাহীতে ৪টি, বরিশাল ও বগুড়ায় ১টি করে অনুষ্ঠিত হয়েছে।




উল্লেখিত কর্মশালাগুলোর মধ্যে ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহীর তিনটিতে অংশ নিয়ে উইকিমিডিয়ার ইভেন্ট সেইফ্টি এবং উইকিমিডিয়ার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন উইকিমিডিয়া ফাউন্ডেশনের আন্তর্জাতিক কমিউনিটি অ্যাডভোকেট ক্রিস্টেল স্টাইগেনবার্গার। এছাড়া সাঁওতালী ভাষার উইকিপিডিয়া চালুর জন্য বাংলাদেশের সাঁওতালী উইকিপিডিয়া সম্প্রদায়ের সাথে উইকিমিডিয়া ইনকিউবেটরসহ সম্পর্কিত অন্য বিষয়সমূহ নিয়ে আলোচনা করা হয়।

## একুশে ফেব্রুয়ারিতে উন্মুক্ত স্থানে উইকিপিডিয়া প্রচারণা




আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ঐতিহ্যগতভাবে ইন্টারনেটে বাংলা ভাষাকে এগিয়ে নেওয়ার তাগিদে একুশের চেতনায় উজ্জীবিত তরুণদের বাংলা উইকিপিডিয়াকে সমৃদ্ধ করার আহ্বান জানানো হয়। ২০১৭ সালে ঢাকা , চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও রংপুরের উইকিপিডিয়ানরা উইকিমিডিয়া বাংলাদেশের উদ্যোগে উন্মুক্ত স্থানে ব্যানার নিয়ে দাঁড়িয়ে পথচারীদের জন্য উইকিপিডিয়া সম্পর্কে সচেতনতামূলক কর্মসূচি পরিচালনা করেছেন। উইকিমিডিয়া বাংলাদেশের স্থানীয় সম্প্রদায়সমূহ ঢাকার বাইরের সমাবেশগুলো আয়োজনে সহায়তা করে। উল্লেখ্য , ২০০৭ সালে প্রথম বিডিওএসএন এই ঐতিহ্যটি চালু করে এবং তখন থেকে প্রতি বছরই এ সমাবেশটি আয়োজন করা হচ্ছে।




## উইকিপিডিয়ার ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন










২০১৭ সালের ১৫ জানুয়ারি সারা বিশ্বের সাথে বাংলাদেশেও উইকিমিডিয়া বাংলাদেশের উদ্যোগে ও স্থানীয় সম্প্রদায়সমূহের সহযোগিতায় একইসাথে ঢাকা , চট্টগ্রাম, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর ও বগুড়ায় উইকিপিডিয়ার ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়। এ অনুষ্ঠানগুলোতে উইকিপিডিয়ানসহ শিক্ষক , অধ্যাপক ও সাধারণ শিক্ষার্থীরা উইকিপিডিয়া সংক্রান্ত সাধারণ আলোচনা করেন এবং শেষে কেক কেটে উইকিপিডিয়ার জন্মদিন পালন করেন।

## বার্ষিক সাধারণ সভা ২০১৭ ও বাংলা উইকিপিডিয়ার প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন



২০১৭ সালের ২৭ জানুয়ারি বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস কার্যালয়ে উইকিমিডিয়া বাংলাদেশের সম্মানিত সদস্যদের নিয়ে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত সদস্যদের নির্বাহী পরিষদ থেকে বিগত বছরের কার্যক্রমের বিস্তারিত তথ্য জানানো হয়। উপস্থিত সদস্যগণ পরবর্তিতে উইকিমিডিয়া

বাংলাদেশের ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা করেন ও তাদের মতামত প্রদান করেন।



একই দিনে অনুষ্ঠানের দ্বিতীয় পর্যায়ে বাংলাদেশের উইপিডিয়ানদের নিয়ে বাংলা উইকিপিডিয়ার ১৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়। এ অনুষ্ঠানে উইকিপিডিয়ানদের পাশাপাশি অতিথি হিসেবে ছিলেন তথ্যপ্রযুক্তিবিদ ও বর্তমানে বাংলাদেশ সরকারের ডাক , টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী মোস্তাফা জব্বার, বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক ও বাংলা উইকিপিডিয়ান ফয়জুল লতিফ চৌধুরী এবং টেলিভিশন ব্যক্তিত্ব মুন্নী সাহাসহ আরও অনেকে। এ অনুষ্ঠানের শেষ পর্যায়ে ২০১৬ সালে অনুষ্ঠিত উইকি লাভস মনুমেন্টসের বাংলাদেশ অংশের বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।



## উইকিমিডিয়া ২০৩০: উইকিমিডিয়ার কৌশল নির্ধারণী আলোচনা

২০১৭ সালের প্রথম দিকে বিশ্বব্যাপী উইকিমিডিয়া সম্প্রদায় ২০৩০ সাল পর্যন্ত উইকিমিডিয়ার লক্ষ্য বা কৌশল কী হবে সেটি নিয়ে আলোচনা শুরু করে। বিশ্বের অন্যান্য উইকিমিডিয়া চ্যাপ্টারের মত উইকিমিডিয়া বাংলাদেশও এ বিষয়ে কর্মশালা , উইকিপিডিয়াতে অনলাইন আলোচনা ও ভিডিও কনফারেন্সের মাধ্যমে উইকিমিডিয়া আন্দোলনের কৌশল নির্ধারণী আলোচনা করে এবং আলোচনার মতামতসমূহ উইকিমিডিয়া ফাউন্ডেশনের কাছে তুলে ধরা হয়।




## উইকি লাভস আর্থ এবং উইকি লাভস মনুমেন্টস ২০১৭-এর পুরস্কার বিতরণ



১২ নভেম্বর বাংলাদেশ জাতীয় জাদুঘরের মিলনয়াতনে একটি অনুষ্ঠানের মাধ্যমে ২০১৭ সালে অনুষ্ঠিত 'উইকি লাভস আর্থ (ডব্লিউএলই)' এবং 'উইকি লাভস মনুমেন্টস (ডব্লিউএলএম)' ছবি প্রতিযোগিতার বাংলাদেশ অংশের বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। পুরস্কার প্রদান অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উইকিমিডিয়া ফাউন্ডেশনের আন্তর্জাতিক কমিউনিটি অ্যাডভোকেট ক্রিস্টেল স্টাইগেনবার্গার। উক্ত অনুষ্ঠানে ডব্লিউএলই প্রতিযোগিতায় বিজয়ী প্রথম তিনজনকে যথাক্রমে ১০, ৮ ও ৬ হাজার টাকার প্রাইজমানিসহ অন্যান্য বিজয়ীদেরকেও



বিভিন্ন পুরস্কার প্রদান করা হয়। একই সাথে ডব্লিউএলএম প্রতিযোগিতার বিজয়ীদেরকেও ক্রেস্ট ,
সার্টিফিকেট, টি-শার্টসহ অন্যান্য পুরস্কার প্রদান করা হয়।

# অন্যান্য কার্যক্রম

## নির্বাহী পরিষদের সভা

বিভিন্ন কার্যক্রমের বাইরে ২০১৭ সালে উইকিমিডিয়া বাংলাদেশের নির্বাহী পরিষদের ৩টি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাগুলো উইকিমিডিয়া বাংলাদেশের সাম্প্রতিক কার্যক্রম ও ভবিষ্যৎ বিভিন্ন আলোচ্যসূচির উপর আলোচনা করা হয়।

এছাড়া স্থানীয় সম্প্রদায়সমূহ বিভিন্ন সময় উইকিপিডিয়া সম্পর্কে সচেতনতা ও অবদান রাখার পদ্ধতির বিষয়ে আলোচনা করাসহ উইকিপিডিয়ার জন্য ফটোওয়াকের আয়োজন করেছিল।

# অনলাইন কার্যক্রম

## উইকি লাভস আর্থ ও উইকি লাভস মনুমেন্টস ২০১৭



প্রতি বছর মে মাসব্যাপী বিভিন্ন দেশের সংরক্ষিত অঞ্চলসমূহের ছবির একটি স্থায়ী সংগ্রহশালা তৈরি করার উদ্দেশ্যে ও সংশ্লিষ্ট অঞ্চলসমূহকে বিশ্ব দরবারে উপস্থাপনের জন্য 'উইকি লাভস আর্থ' নামে একটি আন্তর্জাতিক ছবি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়ে থাকে। প্রতিযোগিতাটি আয়োজন করে মুক্ত বিশ্বকোষ উইকিপিডিয়ার তত্ত্বাবধানকারী স্থানীয় সংস্থাগুলো। বাৎসরিক এ প্রতিযোগিতায় উইকিমিডিয়া বাংলাদেশের উদ্যোগে ২০১৭ সালে প্রথম বাংলাদেশও অংশগ্রহণ করে। ১৯১জন অংশগ্রহণকারী বাংলাদেশের মোট ৫১টি সংরক্ষিত অঞ্চলের মধ্যে ৪০টি স্থানের ২,০০০-এর বেশি ছবি জমা দেন। ৩৮টি দেশের ১৫ হাজারের বেশি প্রতিযোগী এই আন্তর্জাতিক প্রতিযোগিতায় মোট ১,৩১,৯৮৪টি ছবি জমা দেন। এর মধ্যে পল্লব কবিরের তোলা বাংলাদেশের লাউয়াছড়া জাতীয় উদ্যানের ছবিটি আন্তর্জাতিক প্রতিযোগিতায় জুরিদের বিবেচনায় ১১তম স্থান লাভ করে।

পৃথিবীর বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ স্থাপনার ছবিসমূহ উইকিপিডিয়াতে যুক্ত করতে প্রতি বছর সেপ্টেম্বর মাসব্যাপী পৃথিবীর বিভিন্ন দেশে 'উইকি লাভস মনুমেন্টস (ডব্লিউএলএম)' নামে আরও একটি ছবি প্রতিযোগিতার আয়োজন করা হয়। এই প্রতিযোগিতার উদ্দেশ্য হল , বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের ছবির একটি মুক্ত ডেটাবেজ উইকিমিডিয়া কমন্সে তৈরি করা। ২০১১ সাল থেকে শুরু হওয়া এই প্রতিযোগিতাটি গিনেজ বুকস-এর রেকর্ড অনুযায়ী পৃথিবীর বৃহত্তম ছবি প্রতিযোগিতা। দ্বিতীয়বারের মত , উইকিমিডিয়া বাংলাদেশের উদ্যোগে বাংলাদেশও দেশের প্রত্নতাত্ত্বিকসহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনার তালিকা নিয়ে অংশগ্রহণ করে। প্রতিযোগিতা শেষে বাংলাদেশের ১১৯জন অংশগ্রহণকারী প্রায় ২০০টি স্থাপনার ২ হাজারের বেশি ছবি মুক্ত লাইসেন্সে উইকিমিডিয়া কমন্সে আপলোড করেন। ৫৪টি দেশের ১০ হাজার আলোকচিত্রী এই আন্তর্জাতিক প্রতিযোগিতায় মোট ২ লক্ষ ৪৫ হাজার ছবি জমা দেন। আন্তর্জাতিক প্রতিযোগিতায় জুরিদের বিবেচনায় সেরা ১০টি ছবির মধ্যে বাংলাদেশের আজিম খান রনির তোলা জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের ছবি তৃতীয় এবং জুবায়ের বিন ইকবালের তোলা বায়তুল মোকাররমের আরেকটি ছবি সপ্তম স্থান অর্জন করে।





প্রতিযোগিতা থেকে প্রাপ্ত ছবিসমূহ বর্তমানে উইকিমিডিয়ার বিভিন্ন প্রকল্পে বাংলাদেশ সম্পর্কিত নিবন্ধসমূহে ব্যবহৃত হচ্ছে। এছাড়া , এই প্রতিযোগিতাসমূহের পূর্বে বাংলাদেশের সংরক্ষিত অঞ্চল ও প্রত্নতত্ত্বসহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের মুক্ত লাইসেন্সের ছবি ছিল না বললেই চলে।

## নিবন্ধ লেখার প্রতিযোগিতা

উইকিমিডিয়া বাংলাদেশ, বাংলা উইকিপিডিয়া সম্প্রদায়ের সহায়তায় বাংলা উইকিপিডিয়াতে বছরব্যাপী বেশ কিছু নিবন্ধ লেখার প্রতিযোগিতা আয়োজন করে থাকে।

## উইকিপিডিয়া নিবন্ধ প্রতিযোগিতা ২০১৭

'আসুন আমার ভাষায় তুলে ধরি , আমার ভালোবাসার সবকিছু' এই স্লোগানকে প্রতিপাদ্য করে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বাংলা উইকিপিডিয়ায় ১লা ফেব্রুয়ারি থেকে ৩১ মার্চ পর্যন্ত দুই মাসব্যাপী একটি নিবন্ধ লেখার প্রতিযোগিতা আয়োজন করা হয়। নিবন্ধ প্রতিযোগিতায় ৯১৭জন নতুন ও পুরাতন উইকিপিডিয়ান অংশগ্রহণ করে ৫২০টি গুরুত্বপূর্ণ নিবন্ধ বাংলাতে তৈরি করেন।

## উইকিপিডিয়া এশীয় মাস ২০১৭

প্রতি বছর নভেম্বরে এশিয়া সম্পর্কিত নিবন্ধ উইকিপিডিয়াতে সমৃদ্ধ করতে বিভিন্ন ভাষার উইকিপিডিয়ায় মাসব্যাপী একটি প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় বিভিন্ন দেশের উইকিপিডিয়ানরা যার যার নিজের ভাষায় নিবন্ধগুলো লিখে থাকেন ও প্রতিযোগিতা শেষে অংশগ্রহণকারীদের পোস্টকার্ড প্রেরণ করা হয়। বাংলা উইকিপিডিয়ায় ৫৯জন ব্যবহারকারী অংশগ্রহণ করে মোট ৬২৯টি নিবন্ধ বাংলাতে তৈরি করেন। গত বছরের ন্যায় এবছরও উইকিমিডিয়া বাংলাদেশ এই আয়োজনে সহযোগী হিসেবে ছিল।

## উইকিপিডিয়ার নীতিমালা পাতাসমূহ অনুবাদ প্রতিযোগিতা

২০১৭ সালের অক্টোবরে উইকিমিডিয়া বাংলাদেশের উদ্যোগে বাংলা উইকিপিডিয়ার নীতিমালা পাতাসমূহের অনুবাদের জন্য একটি প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় ৩০জন উইকিপিডিয়ান অংশ নিয়ে ১৫ দিনব্যাপী বাংলা উইকিপিডিয়ার বিভিন্ন নীতিমালা পাতা ইংরেজি থেকে বাংলাতে অনুবাদ করেন।

## অন্যান্য প্রতিযোগিতা

আন্তর্জাতিক নারী দিবস ২০১৭ উপলক্ষ্যে দিনব্যাপী নারী ও নারী অধিকার সম্পর্কিত নিবন্ধ সমৃদ্ধ করা হয়। এছাড়া বাংলাদেশ ও ভারতের উইকিপিডিয়ানরা মিলে আরো বেশ কিছু প্রতিযোগিতার আয়োজন করেন।

## উইকিপিডিয়া

উইকিপিডিয়া
একটি মুক্ত বিশ্বকোষ

উইকিপিডিয়া হচ্ছে বর্তমান বিশ্বের সবচেয়ে বড় মুক্ত বিশ্বকোষ। ইন্টারনেটভিত্তিক হওয়ায় এর তথ্যগুলো সহজেই পৌঁছে যাচ্ছে মানুষের হাতের মুঠোয়। এই বিপুল তথ্যভাণ্ডারে অবাধ প্রবেশের সুযোগ করে দেয়ায় বিশ্বের সর্বাধিক জনপ্রিয় ওয়েবসাইটের তালিকায় এর অবস্থান ষষ্ঠ।

বর্তমানে ২৯৪টি ভাষায় উইকিপিডিয়াতে নিবন্ধ রয়েছে। তবে সকল ভাষায় নিবন্ধের সংখ্যা সমান নয়। সবচেয়ে বেশি নিবন্ধ রয়েছে ইংরেজি ভাষায় (প্রায় ৫৬ লক্ষ)। বর্তমানে উইকিপিডিয়ায় বাংলা ভাষায় নিবন্ধের সংখ্যা ৫৫ হাজারের বেশি। স্বেচ্ছাসেবকদের একটি দল ক্রমাগত এর মানোন্নয়নের কাজ করে চলেছেন।

## উইকিমিডিয়া বাংলাদেশ

উইকিমিডিয়া বাংলাদেশ হচ্ছে উইকিমিডিয়া ফাউন্ডেশন অনুমোদিত একটি স্থানীয় চ্যাপ্টার যা বাংলাদেশের ভৌগোলিক সীমারেখায় বাংলা ভাষায় উইকিমিডিয়ার বিভিন্ন প্রকল্প যেমন : উইকিপিডিয়া, উইকিসংকলন, উইকিঅভিধান, উইকিবই প্রভৃতি সম্পর্কে সাধারণ্যে সচেতনতা তৈরির জন্য কাজ করে থাকে। এছাড়াও এটি অন্যান্য ভাষার উইকিমিডিয়া প্রকল্পসমূহে বাংলাদেশ সম্পর্কিত তথ্য সন্নিবেশনের কাজেও অনুঘটকের ভূমিকা পালন করে থাকে। মূলত এটি উইকি প্রকল্পের বাংলাদেশী স্বেচ্ছাসেবকদের একটি সংগঠন।

উইকিমিডিয়া বাংলাদেশ ২০১১ সালের ৩ অক্টোবর উইকিমিডিয়া ফাউন্ডেশনের অনুমোদন পেয়েছে এবং এটি বাংলাদেশে একটি অলাভজনক প্রতিষ্ঠান হিসেবে নিবন্ধিত।

**উইকিমিডিয়া বাংলাদেশের যাবতীয় কাজের হালনাগাদ**
https://meta.wikimedia.org/wiki/WMBDReport

## ছবির কৃতজ্ঞতা

০১ মোহাম্মাদ মোস্তাফিজুর রহমান সাফি
০২ উইকিমিডিয়া বাংলাদেশ
০৩ মাসুম-আল-হাসান রকি
০৪ উইকিমিডিয়া বাংলাদেশ
০৫ এ. এন. এম. ফরিদ আকতার পরাগ
০৬ মতিউর রহমান অনি
০৭ রাকিব হাসান
০৮ মহীন রীয়াদ
০৯ নুরুন্নবী চৌধুরী (হাছিব)
১০ মোঃ নাহিদ হোসেন
১১ আর কে হান্নান সুফি
১২ আর কে হান্নান সুফি
১৩ নুরুন্নবী চৌধুরী (হাছিব)
১৪ আফিফা আফরিন
১৫ আজিম খান রনি
১৬ আজিম খান রনি
১৭ পল্লব কবির
১৮ আজিম খান রনি
১৯ জুবায়ের বিন ইকবাল
২০ উইকিমিডিয়া ফাউন্ডেশন

## প্রতিবেদন প্রস্তুত ও ডিজাইন

০১ নাহিদ সুলতান
০২ অংকন ঘোষ দস্তিদার
০৩ মঈনুল ইসলাম

WIKIMEDIA
BANGLADESH

**উইকিমিডিয়া বাংলাদেশ**
শেলটেক নিরিবিলি, দ্বিতীয় তলা,
২১০/২ নিউ এলিফ্যান্ট রোড, ঢাকা ১২০৫

info@wikimedia.org.bd
www.wikimedia.org.bd
facebook.com/WikimediaBD
twitter.com/WikimediaBD